



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/27/2021

গভর্নর ক্যাথি হোচুল

নিউ ইয়র্কের পেশাদার ফুটবল দলগুলোর সাথে অংশীদারিত্বে #VAXANDWIN ফুটবল সুইপস্টেকসের চূড়ান্ত পর্যায়ের বিজয়ীদের নাম ঘোষণা করেছেন গভর্নর হোচুল

পুরস্কারের মধ্যে গেমের টিকেট, স্টেডিয়াম ট্যুর, স্বাক্ষরযুক্ত গিয়ার, এবং বাফেলো বিলস (Buffalo Bills), নিউ ইয়র্ক জায়ান্টস (New York Giants), ও নিউ ইয়র্ক জেটস (New York Jets) এর কাছ থেকে আরো অনেক কিছু অন্তর্ভুক্ত রয়েছে

বাফেলো বিলসের ব্রস স্মিথকে নিয়ে তৈরি করা টিকার প্রতি উৎসাহিত করার ভিডিও [এখানে](#) পাওয়া যাবে এবং নিউ ইয়র্ক জায়ান্টসের কার্ল ব্যাংক্সকে নিয়ে তৈরি করা ভিডিও [এখানে](#) পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোচুল আজ [নিউ ইয়র্ক স্টেটের #VaxandWin ফুটবল সুইপস্টেকস](#) - টিকা গ্রহণ না করা নিউ ইয়র্কবাসীদের টিকা গ্রহণে উৎসাহিত করার জন্য নিউ ইয়র্কের পেশাদার ফুটবল দলগুলোর সাথে অংশীদারিত্বে তৈরি একটি প্রণোদনা কর্মসূচির চূড়ান্ত পর্যায়ের [বিজয়ীদের নাম](#) ঘোষণা করেছেন।

"#VaxandWin ফুটবল সুইপস্টেক্স করার সাথে সাথে আমরা নিশ্চিত করা চালিয়ে যাচ্ছি যে সকল যোগ্য নিউ ইয়র্কবাসী যেন টিকা নেন," **গভর্নর হোচুল বলেন।** "নিউ ইয়র্কের সকল পেশাদার ফুটবল দলগুলির সাথে আমাদের অংশীদারিত্ব হল সরকারী-বেসরকারি অংশীদারিত্বের উত্কর্ষতার সেরা নিদর্শন, এবং এই গুরুত্বপূর্ণ প্রচেষ্টায় স্টেটের সাথে যোগদান করার জন্য আমি বাফেলো বিলস, নিউ ইয়র্ক জায়ান্টস, এবং নিউ ইয়র্ক জেটসকে ধন্যবাদ জানাই। আমাদের চূড়ান্ত পর্যায়ের বিজয়ীদের জন্য, এবং সবাই যারা টিকা নিতে এগিয়ে এসেছেন, নিজেদের এবং নিজেদের সম্প্রদায়গুলিকে সুরক্ষিত করার জন্য, তাদের ধন্যবাদ জানাই। টীকাটি নিরাপদ, কার্যকর, এবং ভাইরাসটির বিরুদ্ধে আমাদের সেরা সুরক্ষার ব্যবস্থা - এবং আমাদের পক্ষে যা কিছু করা সম্ভব তা করতে থাকবো সকল বয়সী নিউ ইয়র্কবাসীদের আত্মবিশ্বাসীভাবে টিকা নেওয়ার সিদ্ধান্ত নিতে সাহায্য করার জন্য।

বিজয়ীদের জন্য থাকা [পুরস্কারগুলোর](#) মধ্যে [রয়েছে](#) গেমের টিকেট, গেমের মধ্যে বিশেষ অভিজ্ঞতা, স্টেডিয়াম ট্যুর, স্বাক্ষরযুক্ত গিয়ার, অ্যালামনাই খেলোয়াড়দের সাথে ফেসটাইম (FaceTime) কল, এবং বাফেলো বিলস, নিউ ইয়র্ক জায়ান্টস, ও নিউ ইয়র্ক জেটস এর কাছ থেকে আরো অনেক কিছু। নিউ ইয়র্ক স্টেট দৈবচয়নভিত্তিতে ড্র করার ব্যবস্থা করে এবং মোট পাঁচ সপ্তাহ সময়ব্যাপী প্রতি সপ্তাহে নতুন বিজয়ী নির্বাচন করা হয়েছিল। 9 সেপ্টেম্বর, 2021 থেকে 24

অক্টোবর, 2021 তারিখের মধ্যে কোভিড-19 টিকার প্রথম ডোজ গ্রহণ করেছেন এমন সব নিউ ইয়র্কবাসী যোগ্য ছিলেন। 12-17 বছর বয়সী স্কুলে যাওয়ার বয়সের নিউ ইয়র্কবাসীদের জন্য তাদের বাবা-মা ও অভিভাবকরা প্রবেশ করতে পারবেন।

এসব প্রচেষ্টার অংশ হিসেবে স্টেট প্রতিটি দলের সাথে মিলে একটি একীভূত মিডিয়া ক্যাম্পেইনও চালু করেছে, যার মধ্যে নিজেরা কোভিড-19 এর টিকা গ্রহণ করেছেন এমন অ্যালামনাই খেলোয়াড়দের নিয়ে টিকা গ্রহণে উৎসাহ প্রদানমূলক ভিডিও ও রেডিও সেগমেন্ট অন্তর্ভুক্ত রয়েছে। বাফেলো বিলস এর হল অব ফেম ডিফেন্সিভ এন্ড, ব্রুস স্মিথ এবং নিউ ইয়র্ক জায়ান্টসের দুইবারের সুপারবোল চ্যাম্পিয়ন, কার্ল ব্যাংককে নিয়ে তৈরি করা ভিডিওগুলো সব নিউ ইয়র্কবাসীর দেখার জন্য যথাক্রমে [এখানে](#) ও [এখানে](#) পাওয়া যাবে।

চূড়ান্ত রাউন্ডের বিজয়ীরা হলেন:

বাফেলো বিলস পুরস্কারগুলি:

ব্রেট গিলম্যান, এরি কাউন্টি
জুডিথ জ্যাসেউইকজ, ফুলটন কাউন্টি
মার্গারেট জোন্স, রেনসেলার কাউন্টি
অ্যাশলি স্মোলেন, এরি কাউন্টি

নিউ ইয়র্ক জায়ান্টসের পুরস্কার:

এরিকা ডেলেহ্যানটি, রকল্যান্ড কাউন্টি

নিউ ইয়র্ক জেটসের পুরস্কার:

অ্যাঞ্জেলি আলাইমো, নিউ ইয়র্ক কাউন্টি
শন কনরয়, নিউ ইয়র্ক কাউন্টি
কেয়লি কুইন্টেরো, নাসাউ কাউন্টি
মিলানা ফেডাস, কিংস কাউন্টি
ব্রায়ান মেইন্ডি, সাফোক কাউন্টি

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) বিজয়ীদের টিকাপ্রাপ্তির অবস্থা যাচাই করেছে।

নিউ ইয়র্কবাসীরা আজই নিকটস্থ কোনো টিকাগ্রহণের লোকেশন খুঁজে নিতে এবং কোভিড-19 এর টিকা গ্রহণ করতে [vaccines.gov](https://www.vaccines.gov) ওয়েবসাইট ভিজিট করতে পারেন, 438829 নম্বরে তাদের জিপ কোড লিখে মেসেজ পাঠাতে পারেন অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করতে পারেন।

কোভিড-19 এর টিকা ও স্কুলে যাওয়া বয়সের শিশুদের সম্পর্কে আরো তথ্য জানতে, নিউ ইয়র্কবাসীরা আমাদের নিবেদিত ওয়েবসাইট ny.gov/vaxtoschool এ যেতে পারেন অথবা ইনস্টাগ্রামে [@VaccinateNY](https://www.instagram.com/VaccinateNY) অনুসরণ করতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্রাইব করুন](#)